

পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ অষ্টম অধ্যায় - অযৌক্তিকতা ও অশালীনতা রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

৮. ২. ১২. শলোমনের মহাপ্রজ্ঞা

শলোমনের প্রজ্ঞা ও জ্ঞান বিষয়ে বাইবেল বলছে: "আল্লাহ সোলায়মানকে সাগর পারের বালুকণার মত প্রচুর পরিমাণে জ্ঞান, বিচারবুদ্ধি ও বুঝবার ক্ষমতা দান করলেন।" (১ বাদশাহনামা ৪/২৯)। আমরা দেখেছি যে, এ মহাপ্রজ্ঞা, জ্ঞান ও বিচারবুদ্ধির ফল ছিল যে, শলোমন ঈশ্বর-নিষিদ্ধ মহাপাপগুলোতে লিপ্ত হন: তিনি ১ হাজার স্ত্রীকে বিবাহ করেন, স্ত্রীদের জন্য প্রতিমাপূজার ব্যবস্থা করেন এবং নিজেও প্রতিমাপূজা ও নানাবিধ পাপের মধ্যে জীবন কাটান!

বাইবেল আরো বলছে: "আল্লাহ সোলায়মানের দিলে যে জ্ঞান দিয়েছিলেন সেই জ্ঞানপূর্ণ কথাবার্তা শুনবার জন্য দুনিয়ার সব দেশের লোক তাঁর সংগে দেখা করতে চেষ্টা করত" (১ বাদশাহনামা ১০/২৪)। পুনশ্চ: "আল্লাহ সোলায়মানের দিলে যে জ্ঞান দিয়েছিলেন সেই জ্ঞানপূর্ণ কথাবার্তা শুনবার জন্য দুনিয়ার সব দেশের বাদশাহরা তাঁর সংগে দেখা করতে চেষ্টা করতেন।" (২ খান্দাননামা ৯/২২)।

দুনিয়ার সব দেশ! ভারত, চীন ও অন্য সকল দেশের বাদশাহ? শলোমন নিজে যে মহাপ্রজ্ঞা দিয়ে প্রতিমা পূজা ও অন্যান্য পাপের দিকে ধাবিত হয়েছিলেন সকল দেশের বাদশাহ কি তাঁর প্রজ্ঞাময় কথা থেকে সে সকল পাপের শিক্ষাই নিতেন?

Source — https://www.hadithbd.com/books/link/?id=14499

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন